গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর
শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নং- এইচএসপি/কার্যক্রম মনিটরিং ও বাস্তবায়ন/১০৭/২০২১/৬০৮/১(১৪) তারিখ: ২৯.১২.২০২২ খ্রি.

**বিষয়: কার্যবিবরণী প্রেরণ।**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচিভুক্ত "উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং" শীর্ষক কমিটির গত ২৭.১২.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার অনুমোদিত কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো।

29/12/2022
**(মোঃ তৌফিক এরফান)**
সহকারী পরিচালক (প্রশাসন)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
ফোন: ০২-৫৫০০২০৬৭

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। প্রোগ্রাম-কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
দৃ. আ. মোঃ মোস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা, এসইডিপি।
০২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
দৃ. আ. মোহাম্মদ শামসুজ্জামন, উপপরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
দৃ. আ. মোঃ কায়ছার রহমান, পরিচালক, ব্যানবেইস।
০৪। প্রোগ্রাম একজিকিউটিভ এন্ড কো- অর্ডিনেটর, BACS & iBAS++, SPFMS প্রোগ্রাম, অর্থ বিভাগ
দৃ. আ. দুলাল চন্দ্র পান্ডে, সিনিয়র পরামর্শক, iBAS++ স্কিম।
০৫। পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৬। যুগ্মসচিব (উন্নয়ন-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০৭। যুগ্মসচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০৮। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৯। উপপরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
১০। উপসচিব (পরিকল্পনা ও উন্নয়ন শাখা-২), কারিগরি ও মাদ্রসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১১। উপপরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধনামন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

**সদয় অবগতি ও কার্যার্থে:**

০১। প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০২। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৩। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **জনাব আবদুন নুর মুহম্মদ আল ফিরোজ (অতিরিক্ত সচিব)**<br>**ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)**<br>**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।** |
| **সভার তারিখ** | : | **২৭.১২.২০২২ খ্রি.** |
| **সময়** | : | **বেলা ১১.০০ টা** |
| **স্থান** | : | **সভা কক্ষ, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।** |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভায় অংশগ্রহণকারী কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য সমন্বিত উপবৃত্তি কর্মসূচির দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে কার্যপত্রে নির্ধারিত আলোচ্যসূচিভুক্ত বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপনান্তোর মূল আলোচনা এবং সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ | উপবৃত্তি কার্যক্রম বাস্তাবায়ন ও মনিটরিং কমিটির সদস্য-সচিব সমন্বিত উপবৃত্তি কর্মসূচির স্কিম পরিচালক বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করে বলেন যে, কার্যবিবরণী সকল সদস্যগণের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে সংশোধনীর জন্য কোনোরূপ সুপারিশ পাওয়া যায়নি।<br>সভার সভাপতি ও ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) কার্যবিবরণীতে কোন সংশোধনের প্রস্তাব আছে কিনা তা উপস্থিত সদস্যদের নিকট জানতে চাইলে কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনের প্রয়োজন নেই মর্মে উপস্থিত সদস্যগণ মতামত প্রদান করেন। | গত ২৭.০৯.২০২২ তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। | স্কিম পরিচালক, HSP |
| ০২. | স্কিমের মেয়াদ সংক্রান্ত পর্যালোচনা | সমন্বিত উপবৃত্তি কর্মসূচির মেয়াদ জুন/২০২৩ পর্যন্ত নির্ধারিত রয়েছে। স্কিমের নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি বিতরণ কার্যক্রম অব্যাহত থাকবে। কিন্তু স্কিমের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টকে উপবৃত্তির জন্য বাজেট বরাদ্দ হতে বরাদ্দ প্রদান ও কার্যক্রম পরিচালনায় কিছু প্রশাসনিক ও প্রক্রিয়াগত চ্যালেঞ্জের সম্মুখীন হওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণে সাময়িক স্থবিরতা সৃষ্টির ঝুঁকি প্রতিয়মান হচ্ছে। এ জাতীয় আশংকা থেকে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ কার্যক্রমের বিদ্যমান ধারা অব্যাহত রাখার জন্য স্কিমের মেয়াদ বৃদ্দির বিষয়ে কমিটির সদস্যগণ জোরালো অভিমত ব্যক্ত করেন। বর্তমানে প্রতি বছর প্রায় ৩৫ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় ৫০ লক্ষ শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি বিতরণের কার্যক্রম পরিচালনা করার জন্য স্কিমের আওতায় ১৩ জন কর্মকর্তা ও আউটসোর্সিং ভিত্তিতে ১৩ জন কর্মচারী নিয়োজিত আছে। স্কিমের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর | স্কিমের মেয়াদ ০৩ (তিন) বছর অর্থাৎ জুলাই/২০২৩ থেকে জুন/২০২৬ পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব এসইডিপি'র পিসিইউ'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। স্কিমের মেয়াদ বৃদ্ধির বিষয়টি নির্ধারিত হলে স্কিম ডকুমেন্ট সংশোধনসহ যাবতীয় কার্যক্রম সম্পুন্ন করা হবে। | স্কিম পরিচালক, HSP |

| | | | | |
|---|---|---|---|---|
| | | স্কিমে কর্মরত ২৬ জন জনবল ব্যতিত প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বিদ্যমান জনবল দিয়ে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ কার্যক্রম পরিচালনা করাও একটি চ্যালেঞ্জিং বিষয়। উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ কার্যক্রমে ধারাবাহিকতা রাখার স্বার্থে স্কিমের মেয়াদ ০৩ (তিন) বছর অর্থাৎ জুলাই/২০২৩ থেকে জুন/২০২৬ পর্যন্ত বৃদ্ধি করার নীতিগত অনুমোদনের লক্ষ্যে এসইডিপি'র পিসিইউ'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রস্তাব প্রেরণের বিষয়ে সর্বসম্মত অভিমত ব্যক্ত করা হয়। | | |
| ০৩. | ২০২১-২২ অর্থ বছরে পে-রোল থেকে বাদ পড়া স্কুল ব্যাংকিং হিসাবধারী ও ডুপ্লিকেট একাউন্টধারী শিক্ষার্থীর উপবৃত্তি প্রদানের জন্য অনুমতি গ্রহণ | সভায় জানানো হয় যে, ২০২১-২২ অর্থ বছরে ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণিতে উপবৃত্তি ও টিউশন ফি এর জন্য চূড়ান্ত ভাবে মনোনীত শিক্ষার্থীদের মধ্যে স্কুল ব্যাংকিং হিসাবধারী ৯২,৫৮৯ জন এবং ডুপ্লিকেট একাউন্টধারী ১,৩৪,৫০০ জন শিক্ষার্থীর জানুয়ারি-জুন/২০২২ কিস্তি এবং ১১শ শ্রেণির জুলাই-ডিসেম্বর/২০২১ কিস্তিতে উপবৃত্তির অর্থ বিতরণ করা হয়নি। পরবর্তীতে উল্লিখিত শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশোধন করার (প্রযোজ্য ক্ষেত্রে) মাধ্যমে তাদের পে-রোল করার জন্য iBAS++ কে পত্র দেয়া হয়। এই প্রেক্ষিতে iBAS++ কর্তৃপক্ষ হতে জানানো হয়েছে ২০২১-২২ অর্থ বছরের বকেয়া উপবৃত্তির অর্থ বর্তমান অর্থ বছরের বরাদ্দ থেকে প্রদানের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের সম্মতি গ্রহণ করা প্রয়োজন। বর্তমান অর্থ বছরের বরাদ্দ হতে ২০২১-২২ অর্থ বছরের বকেয়া উপবৃত্তি ও টিউশন ফি এর অর্থ বিতরণ করার বিষয়ে সম্মতি প্রদানের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর পত্র প্রেরণের বিষয়ে সভায় ঐকমত্য হয়। | উপবৃত্তি ও টিউশন ফি এর অনুমোদিত শিক্ষার্থীদের মধ্যে প্রক্রিয়ার কারণে বাদ পড়া শিক্ষার্থীদের ২০২১-২২ অর্থ বছরের বকেয়া অর্থ (২টি কিস্তি) বিতরণের সম্মতি প্রদানের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর পত্র প্রেরণ করতে হবে। | স্কিম পরিচালক, HSP |
| ০৪. | HSP-MIS এর কারিগরি সমস্যা সমাধান প্রসঙ্গে | সভায় জানানো হয় যে, HSP-MIS সফটওয়্যার ব্যবহার করে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের আবেদন এন্ট্রি এবং সমন্বিত উপবৃত্তি কর্মসূচি কর্তৃক শিক্ষার্থী নির্বাচন ও অর্থ বিতরণের ক্ষেত্রে বেশ কিছু সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। দীর্ঘদিন ধরে এ সব সমস্যা সমাধান না হওয়ায় MIS ব্যবহারের যে নিরবিচ্ছিন্ন সুবিধা পাওয়ার কথা তা পাওয়া যাচ্ছে না। সভায় iBAS++ এর উপস্থিত প্রতিনিধি জানান যে, বেশ কয়েকটি সমস্যা বিশেষ করে OTP এর মাধ্যমে Password পরিবর্তন করার সমস্যা সমাধান করা হয়েছে। অবশিষ্ট সমস্যাসমূহের মধ্যে HSP-MIS-এ শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি, মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস প্রোভাইডার এবং জন্মনিবন্ধন কর্তৃপক্ষের সাথে ইন্টিগেশন সংক্রান্ত যাবতীয় সমস্যা জানুয়ারি/২০২৩ এর মধ্যে এবং HSP-MIS এর অন্যান্য সমস্যাদি মার্চ/২০২৩ পর্যন্ত সমাধান করা হবে মর্মে উপস্থিত iBAS++ এর প্রতিনিধি নিশ্চয়তা প্রদান করেন। HSP-MIS এর কারিগরি সমস্যা সমাধানের লক্ষ্যে জানুয়ারি/২০২৩ এবং মার্চ/২০২৩ সময়ে সমাধানের জন্য চিহ্নিত দু'টি আলাদা অগ্রাধিকার তালিকা প্রস্তুত | HSP-MIS এর কারিগরি সমস্যা সমাধানের লক্ষ্যে জানুয়ারি/২০২৩ এবং মার্চ/২০২৩ সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য দু'টি আলাদা অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে iBAS++ কর্তৃপক্ষকে সরবরাহ করতে হবে। iBAS++ কর্তৃপক্ষ প্রতিশ্রুত সময়ের মধ্যে HSP-MIS এর কারিগরি সমস্যা সমাধান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রোগ্রামার, HSP ও iBAS++ কর্তৃপক্ষ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করে iBAS++ কর্তৃপক্ষকে সরবরাহ করতে হবে। iBAS++ কর্তৃপক্ষ অঙ্গিকারকৃত সময়ে কারিগরি সমস্যা সমাধান করবেন মর্মে দৃঢ়ভাবে উল্লেখ করেন। | | |
| ০৫. | নির্ধারিত সময়ে HSP-MIS এ এন্ট্রি প্রদান করতে না পারার বিষয়ে আবেদন সংক্রান্ত | ৬ষ্ঠ ও ১১শ শ্রেণির শিক্ষার্থীদের তথ্য বছরে একবার নির্ধারিত সময়ের মধ্যে HSP-MIS এ এন্ট্রি প্রদানের সুযোগ রাখা হয়েছে। শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করার লক্ষ্যে HSP-MIS এর সার্ভার বছরে একবার নির্ধারিত সময়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের জন্য খুলে দেয়া হয়। নির্ধারিত সময়ের পরে এটি বন্ধ করে দেয়া হয়। ফলে ভিন্নভাবে কোন এক/একাধিক শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষার্থীর তথ্য এন্ট্রির জন্য আলাদাভাবে সার্ভার খুলে দেয়ার সুযোগ নেই। এছাড়া, একটি বছর অতিক্রান্ত হওয়ার পর শিক্ষার্থী পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হওয়ায় পরবর্তী সময়ে পূর্ববর্তী শ্রেণিতে এন্ট্রির কোন উপায় নেই বিধায় এ বিষয়ে আবেদনকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে তা জানিয়ে দেয়ার বিষয়ে সর্বসম্মত সুপারিশ করা হয়। এক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান যাতে নির্ধারিত সময়ের মধ্যে বিনা ব্যর্থতায় তথ্য এন্ট্রি প্রদান করতে পারে সে জন্য এন্ট্রির সময়সীমা যৌক্তিক মাত্রায় বৃদ্ধিকরণসহ সচেতনামূলক প্রচারনা এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরে এসএমএস প্রদানের ব্যবস্থা গড়ে তোলা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করা হয়। | ক) নির্ধারিত সময়ের মধ্যে HSP-MIS এ শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি প্রদান না করলে পরবর্তীতে এন্ট্রি প্রদানের সুযোগ নেই মর্মে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কে পত্র মারফত জানানো হবে।<br>খ) নির্ধারিত সময়ের মধ্যে তথ্য এন্ট্রি প্রদান করার জন্য এন্ট্রির সময়সীমা যৌক্তিক মাত্রায় বৃদ্ধি করে সচেতনামূলক প্রচারনা কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>গ) স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরে এসএমএস প্রদানের ব্যবস্থা প্রবর্তন করতে হবে। | স্কিম পরিচালক, HSP ও iBAS++ |
| ০৬. | প্রোগ্রামার পদ শূণ্য হওয়ার সম্ভাবনা সংক্রান্ত | সভায় জানানো হয় যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচিতে প্রেষণে মাউশিঅ হতে পদায়নকৃত প্রোগ্রামার অন্য একটি প্রতিষ্ঠানে চাকুরীর সুযোগ পাওয়ায় উক্ত পদটি অচিরেই শূণ্য হয়ে যেতে পারে। এছাড়াও, বর্তমানে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের নিজস্ব সাংগঠনিক কাঠামোভুক্ত প্রোগ্রামার পদটিও শূন্য রয়েছে। ফলে সমন্বিত উপবৃত্তি কর্মসূচির মূল কার্যক্রম HSP-MIS পরিচালনা স্থবির হয়ে পড়ার ঝুঁকি তৈরি হয়েছে। এক্ষেত্রে HSP স্কিমের প্রোগ্রামার পদটি শূণ্য হয়ে যাওয়ার পূর্বেই MIS পরিচালনা কাজের অভিজ্ঞতা সম্পন্ন ০১ জন প্রোগ্রামারকে সংযুক্তিতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে পদায়ন করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে পত্র প্রেরণের বিষয়ে অভিমত ব্যক্ত করা হয়। | MIS পরিচালনা কাজের অভিজ্ঞতা সম্পুন্ন ০১ জন প্রোগ্রামারকে সংযুক্তিতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে পদায়ন করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | HSP/ PMEAT |
| ০৭. | সমন্বিত উপবৃত্তি কর্মসূচির Mid-Term Review | সমন্বিত উপবৃত্তি কর্মসূচির স্কিম ডকুমেন্টভুক্ত Baseline Validaton Survey এবং Conducting Mid-Term Reviw কার্যক্রম পরিচালনার প্রশাসনিক দায়িত্ব ও আর্থিক বরাদ্দ SEDP এর PCU এর নিকট প্রদান করা আছে। উক্ত কার্যক্রম গ্রহণের লক্ষ্যে গত ১৬.০৯.২০২১ তারিখে এসইডিপি'র পিসিইউ বরাবর পত্র প্রেরণ করা হয়। এই বিষয়ে সভায় উপস্থিত এসইডিপি'র প্রতিনিধি বলেন যে, Mid-Term Review পরিচালনার বিষয়টি এসইডিপি'র পিসিইউ'র APP তালিকায় থাকায় পিসিইউ বরাবর পুনরায় পত্র প্রেরণের অনুরোধ জানান। | Mid-Term Review কার্যক্রম পরিচালনার জন্য পুনরায় এসইডিপি'র পিসিইউ বরাবর পত্র প্রেরণ করতে হবে। | স্কিম পরিচালক, HSP |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮. | মাঠপর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণকারী পরিবর্তন | সভায় জানানো হয় যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির স্কিম ডকুমেন্টে মাঠপর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক পরিষদের সেক্রেটারি/গভর্ণিং বডির সদস্যকে প্রশিক্ষণ প্রদানের সংস্থান রয়েছে। কিন্তু HSP-MIS এর কার্যক্রম IT সংশ্লিষ্ট সফটওয়্যার ভিত্তিক হওয়ায় বর্ণিত সদস্যদের পরিবর্তে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ICT শিক্ষক অথবা শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মনোনিত শিক্ষককে প্রশিক্ষণ কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হলে তা অধিকতর ফলপ্রসু এবং স্থায়ীজ্ঞান হিসাব ব্যবহারের সুযোগ তৈরী হবে মর্মে সর্বসম্মত অভিমত ব্যক্ত করা হয়। এছাড়াও, সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান নিজস্ব ব্যবস্থাপনা ব্যতিত অন্য কোন সূত্র বা ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের তথ্য এন্ট্রি কার্যক্রম পরিচালনা না করার বিষয়ে সতর্কীকরণসহ HSP-MIS এর Password গোপনীয়ভাবে সংরক্ষণের পরামর্শ প্রদান করে মাঠ পর্যায়ে পত্র প্রেরনের বিষয়ে সভায় আলোচনা হয়। | ক) শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক পরিষদের সেক্রেটারি/গভর্ণিং বডির সদস্যের পরিবর্তে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ICT শিক্ষক অথবা শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মনোনিত শিক্ষককে প্রশিক্ষণ কার্যক্রমে অন্তর্ভুক্ত করা যেতে পারে।<br>খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান নিজস্ব ব্যবস্থাপনা ব্যতিত অন্য কোন সূত্র বা ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের তথ্য এন্ট্রি কার্যক্রম পরিচালনা না করার বিষয়ে সতর্কীকরণসহ HSP-MIS এর Password গোপনীয়ভাবে সংরক্ষণের পরামর্শ প্রদান করে মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করতে হবে। | স্কিম পরিচালক, HSP |

৩.০। সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবদুন নূর মুহম্মাদ আল ফিরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট